# যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

যশোর-৭৪০৮, বাংলাদেশ

স্মারক নং-যবিপ্রবি/ ১৩৫০/ ছাত্র-ছাত্রী ভর্তি (২০১৭-২০১৮) সংক্রান্ত/২০১৭- ২০৬০ তারিখ: ১৮/০৯/২০১৭খ্রি.

# ভর্তি বিজ্ঞপ্তি ২০১৭

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (ইঞ্জি./ সম্মান) ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

১। যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নিম্নোক্ত কোর্সসমূহে ১ম বর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন আহ্বান করা যাচ্ছে:

- ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (ইঞ্জি./ সম্মান) এবং
- ০৫ (পাঁচ) বছর মেয়াদি বি ফার্ম (প্রফেশনাল)

আবেদনের সময়: ২০/০৯/২০১৭ খ্রি. তারিখ দুপুর ১২.০০ টা হতে ১৯/১০/২০১৭ খ্রি. তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত (যে কোন দিন)।

**২। আবেদন করার সাধারণ যোগ্যতা ও শর্তাবলি:**

(ক) প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। বিদেশি/ অনাবাসিক বাংলাদেশি (NRB) শিক্ষার্থীরাও ভর্তি হতে পারবেন। তবে তাদের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত টিউশন ফি দিতে হবে। বিদেশি/ NRB শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.just.edu.bd)- এর Admission Link- এ প্রদত্ত তথ্য অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) A, B ও C ইউনিটের জন্য ২০১৬ ও ২০১৭ সালে বিজ্ঞান/কৃষিবিজ্ঞান থেকে এইচএসসি/ আলিম/ 'এ' লেভেল/ সরকার অনুমোদিত চার বছর মেয়াদি ডিপ্লোমা/ সমমান উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবেন। D, E ও F ইউনিটের জন্য ২০১৬ ও ২০১৭ সালে বিজ্ঞান/ বাণিজ্য/ মানবিক ও কৃষিবিজ্ঞান বিভাগের এইচএসসি/ সরকার অনুমোদিত চার বছর মেয়াদি ডিপ্লোমা/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন।

(গ) ২০১৬ ও ২০১৭ সালে উত্তীর্ণ সংশ্লিষ্ট বিষয়ে B গ্রেডসহ (৪.০ পয়েন্ট স্কেলে ৩.০) মোট ৬.৫ পয়েন্টপ্রাপ্ত সরকার অনুমোদিত ৪ বছর মেয়াদি ডিপ্লোমাধারী শিক্ষার্থীরা সকল ইউনিটে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

(ঘ) সকল ইউনিটের জন্য জিসিই/ 'ও' লেভেল এবং 'এ' লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য জিসিই/ 'ও' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৫টি বিষয়ে গড়ে বি গ্রেড এবং 'এ' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে গড়ে বি গ্রেড পেতে হবে।

(ঙ) **০৬টি ইউনিটের ন্যূনতম জিপিএ ও অত্যাবশ্যকীয় শর্তাবলি এবং পরীক্ষার ফিস নিম্নরূপ:**

| ইউনিট | অনুষদ, বিভাগ ও আসনসংখ্যা (২০১৭-২০১৮)শিক্ষাবর্ষ) | ন্যূনতম জিপিএ ও অত্যাবশ্যকীয় শর্তাবলি | পরীক্ষার ফিস |
|---|---|---|---|
| **A ইউনিট**<br>বিভাগ: ০৭ টি<br>আসন: ২৫০ টি | **প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ**<br>১। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (৫০)<br>২। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (৪০)<br>৩। ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং (৩৫)<br>৪। পেট্রোলিয়াম অ্যান্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (৩৫)<br>৫। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (৩৫)<br>৬। বায়ো-মেডিকেল ইঞ্জিনিয়ারিং (৩৫)<br>৭। টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (২০) | এসএসসি/ সমমান ও এইচএসসি/ সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ মোট জিপিএ ৭.৫০ থাকতে হবে। সকল বিভাগের ক্ষেত্রে গণিতে ন্যূনতম "এ-" (A-) থাকতে হবে। | ৮০০/- |
| **B ইউনিট**<br>বিভাগ: ০৪ টি<br>আসন: ১৬০ টি | **জীববিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ**<br>১। মাইক্রোবায়োলজি (৪০)<br>২। ফিশারীজ অ্যান্ড মেরিন বায়োসায়েন্স (৪০)<br>৩। জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি (৪০)<br>৪। ফার্মেসী (৪০) | এসএসসি/ সমমান ও এইচএসসি/ সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ মোট জিপিএ ৭.৫০ থাকতে হবে। এইচএসসি/ সমমান পরীক্ষায় জীববিজ্ঞান ও রসায়নে ন্যূনতম 'বি' (B) গ্রেড থাকতে হবে। ফার্মেসী বিভাগের ক্ষেত্রে এইচএসসি বা সমমানের পরীক্ষায় রসায়ন ও জীববিজ্ঞানে আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ এবং গণিতে ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে। | ৭৫০/- |
| **C ইউনিট**<br>বিভাগ: ০৬ টি<br>আসন: ২০৫ টি | **ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ**<br>১। ইনভাইরনমেন্টাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি (৪৫)<br>২। নিউট্রিশন অ্যান্ড ফুড টেকনোলজি (৪০)<br>৩। অ্যাগ্রো প্রোডাক্ট প্রসেসিং টেকনোলজি (৩০)<br>**বিজ্ঞান অনুষদ**<br>৪। ফিজিক্স (৩০)<br>৫। কেমিস্ট্রি (৩০)<br>৬। ম্যাথম্যাটিক্স (৩০) | এসএসসি/ সমমান ও এইচএসসি/ সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ থাকতে হবে। ইনভাইরনমেন্টাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি বিভাগের ক্ষেত্রে এইচএসসি/ সমমান পরীক্ষায় পঠিত বিষয় হিসেবে জীববিজ্ঞান ও গণিত থাকতে হবে। নিউট্রিশন অ্যান্ড ফুড টেকনোলজি বিভাগের ক্ষেত্রে এইচএসসি/ সমমান পরীক্ষায় পঠিত বিষয় হিসেবে জীববিজ্ঞান থাকতে হবে। কেমিস্ট্রি বিভাগের ক্ষেত্রে এইচএসসি/ সমমান পর্যায়ে পঠিত বিষয় হিসেবে 'গণিত' থাকতে হবে এবং রসায়নে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে। ম্যাথম্যাটিক্স বিভাগে ভর্তির ক্ষেত্রে এইচএসসি/ সমমান পরীক্ষায় গণিতে অবশ্যই জিপিএ ৩.০০ থাকতে হবে এবং ভর্তি পরীক্ষায় গণিতে ৪০% নম্বর পেতে হবে। | ৭৫০/- |
| **D ইউনিট**<br>বিভাগ: ০১ টি<br>আসন: ৪০ টি | **কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ**<br>১। ইংরেজি (৪০) | এসএসসি/ সমমান ও এইচএসসি/ সমমান পরীক্ষায় মোট জিপিএ ৬.৫০ থাকতে হবে। তবে এইচএসসি/ সমমান পরীক্ষায় ইংরেজি বিষয়ে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে। | ৫০০/- |

| | | | |
|---|---|---|---|
| **E ইউনিট**<br>বিভাগ: ০১ টি<br>আসন: ৪০ টি | **স্বাস্থ্য বিজ্ঞান অনুষদ**<br>১। ফিজিক্যাল এডুকেশন অ্যান্ড স্পোর্টস সায়েন্স (৪০) | এসএসসি/ সমমান ও এইচএসসি/ সমমান পরীক্ষায় গ্রেড পদ্ধতিতে ৫.০০ পয়েন্ট স্কেলে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ২.৫০ সহ সর্বমোট জিপিএ ৬.০০ থাকতে হবে। | ৫৫০/- |
| **F ইউনিট**<br>বিভাগ: ০৩ টি<br>আসন : ৮০ টি | **ব্যবসায় শিক্ষা অনুষদ**<br>১। অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম্‌স (৪০)<br>২। ম্যানেজমেন্ট (২০)<br>৩। ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং (২০)<br>বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের শিক্ষার্থীদের জন্য আসন বন্টন হবে 'অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম্‌স' বিভাগের ক্ষেত্রে যথাক্রমে ১০, ০৫ ও ২৫ টি এবং ম্যানেজমেন্ট এবং ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং এর ক্ষেত্রে যথাক্রমে ০৫, ০৩ ও ১২ টি। | এসএসসি/ সমমান ও এইচএসসি/ সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয় সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ বিজ্ঞান বিভাগের জন্য ৭.০০, মানবিক বিভাগের জন্য ৬.০০ এবং বাণিজ্য বিভাগের জন্য ৬.৫০ থাকতে হবে। | ৫০০/- |

উপর্যুক্ত আসন ছাড়াও মোট আসনের ৫% মুক্তিযোদ্ধা কোটা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ১%, প্রতিবন্ধী ১% এবং যবিপ্রবিতে কর্মরত শিক্ষক/ কর্মকর্তা/ কর্মচারীদের ওয়ার্ডের জন্য (শুধুমাত্র সন্তান) ১% পোষ্য কোটা সংরক্ষিত থাকবে।

**৩। আবেদন করার নিয়মাবলি:**

(ক) ২০ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. তারিখ থেকে ১৯ অক্টোবর ২০১৭ খ্রি. তারিখের মধ্যে আবেদন সম্পন্ন করতে হবে।

(খ) শিক্ষাবোর্ড ও কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে উত্তীর্ণ শিক্ষার্থীদের আবেদনের জন্য নিচের ধাপগুলো অনুসরণ করতে হবে:

- ধাপ ১: অনলাইনে http://just.ambersoftwaresolutions.com ওয়েবসাইটে গিয়ে আবেদন ফরম পূরণ করুন
- ধাপ ২: ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট থেকে *৩২২# ডায়াল করুন
- ধাপ ৩: মেনু থেকে ১ সিলেক্ট করে পেমেন্ট অপশন অনুসরণ করুন
- ধাপ ৪: আবার ১ সিলেক্ট করে বিল পেমেন্ট অপশনে যান
- ধাপ ৫: যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিলার আইডি ২৫৪ টাইপ করুন
- ধাপ ৬: ধাপ ১-এ অনলাইনে আবেদনপত্র ফরম পূরণ করার সময় প্রাপ্ত আপনার নির্ধারিত Application ID নম্বর টাইপ করুন
- ধাপ ৭: বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি (টাকার অঙ্ক) টাইপ করুন
- ধাপ ৮: আপনার মোবাইল অ্যাকাউন্টের নির্ধারিত পিন প্রদান করুন
- ধাপ ৯: সফল পেমেন্টের পর আবেদন সফল হলে http://just.ambersoftwaresolutions.com ওয়েবসাইটে গিয়ে Application ID- এর মাধ্যমে Admit Card টি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

(গ) জিসিই/ 'ও' লেভেল এবং 'এ' লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে সরাসরি সংশ্লিষ্ট ভর্তি কমিটির সমন্বয়কারী বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সমন্বয়কারী, ভর্তি কমিটি (সেশন: ২০১৭-২০১৮), যবিপ্রবি বরাবর অগ্রণী ব্যাংক লিমিটেড, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা- এর অনুকূলে জমাকৃত নির্ধারিত আবেদন ফি-এর ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার- এর মূলকপি সংযুক্ত করতে হবে।

**৪। ভর্তি পরীক্ষা পদ্ধতি এবং নম্বর বন্টন:**

(ক) ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে হবে।

(খ) সর্বক্ষেত্রে ভর্তি পরীক্ষার ৮০ নম্বরের মধ্যে কমপক্ষে ৪০% (চল্লিশ শতাংশ) নম্বর পেতে হবে।

(গ) শিক্ষার্থীদের এসএসসি/ সমমান ও এইচএসসি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ- কে ০২ (দুই) দ্বারা গুণ করা হবে।

(ঘ) ইংরেজি প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার জন্য স্ব-স্ব ইউনিট সমন্বয়কারী বরাবর ৩০/১০/২০১৭ খ্রি. তারিখের মধ্যে আবেদন করতে হবে।

**(ঙ) বিভিন্ন ইউনিটের জন্য নিম্নলিখিতভাবে নম্বর বন্টন করা হয়েছে:**

| ইউনিট | A | B | C |
|---|---|---|---|
| ইংরেজি | ১০ | ১০ | ১০ |
| পদার্থ বিজ্ঞান | ২৫ | ২০ | ২০ |
| রসায়ন | ২০ | ২৫ | ২০ |
| গণিত | ২৫ | - | ১৫ |
| জীববিজ্ঞান | - | ২৫ | ১৫ |
| SSC+HSC | ২০ | ২০ | ২০ |
| মোট | ১০০ | ১০০ | ১০০ |

| ইউনিট | D |
|---|---|
| ইংরেজি | ৪০ |
| বাংলা | ২০ |
| সাধারণ জ্ঞান | ২০ |
| SSC+HSC | ২০ |
| মোট | ১০০ |

| ইউনিট | E |
|---|---|
| ইংরেজি | ১০ |
| বাংলা | ১৫ |
| সাধারণ জ্ঞান | ৩৫ |
| ব্যবহারিক | ২০ |
| খেলাধুলার সনদ | ১০ |
| SSC+HSC | ১০ |
| মোট | ১০০ |

| ইউনিট | বিভাগ | বিষয়-১ | বিষয়-২ | বিষয়-৩ | SSC+HSC | মোট |
|---|---|---|---|---|---|---|
| F | বিজ্ঞান | ৩০ (ইংরেজি) | ২৫ (গণিত) | ২৫ (সাধারণ জ্ঞান) | ২০ | ১০০ |
| | মানবিক | ৩০ (ইংরেজি) | ২৫ (অর্থনীতি) | ২৫ (সাধারণ জ্ঞান) | ২০ | ১০০ |
| | বাণিজ্য | ৩০ (ইংরেজি) | ২৫ (ব্যবসা নীতি ও প্রয়োগ) | ২৫ (হিসাববিজ্ঞান) | ২০ | ১০০ |

**৫। ভর্তি পরীক্ষার তারিখ ও সময়:**

| তারিখ ও বার | সময় ও ইউনিট | সময় ও ইউনিট | সময় ও ইউনিট |
|---|---|---|---|
| ০৯/১১/২০১৭ খ্রি.<br>বৃহস্পতিবার | ০৯:৩০-১১:০০<br>**A** | ১২:৩০ - ২:০০<br>**B** | ০৩:৩০- ০৫:০০<br>**C** |
| ১০/১১/২০১৭ খ্রি.<br>শুক্রবার | ০৯:০০ - ১০:৩০<br>**E** | ১১:০০-১২:৩০<br>**D** | ০৩:৩০ - ৫:০০<br>**F** |

৬। ভর্তি পরীক্ষার কেন্দ্র:
ভর্তি পরীক্ষার (০৩) তিনদিন আগে পরীক্ষার কেন্দ্রসমূহ www.just.edu.bd এবং http://just.ambersoftwaresolutions.com ওয়েবসাইট থেকে জানা যাবে।

৭। ভর্তি পরীক্ষার সময় আবেদনকারীর করণীয়:
(ক) ভর্তি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে শিক্ষার্থীদেরকে যে সব উপকরণ সাথে আনতে হবে:
১. পাসপোর্ট সাইজের রঙিন ছবিসংযুক্ত ০২ (দুই) কপি রঙিন Admit Card;
২. এইচএসসি পরীক্ষার Admit Card এবং Registration Card;
৩. E ইউনিটের আবেদনকারীদের ক্ষেত্রে খেলাধুলার সনদ (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি।

(খ) সকল ইউনিটে ভর্তি পরীক্ষার সময় পরীক্ষার হলে সকল ধরনের ইলেকট্রনিক ডিভাইস (ক্যালকুলেটর, মোবাইল ফোন, ডিজিটাল ঘড়ি বা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস) ব্যবহার ও বহন সম্পূর্ণ নিষিদ্ধ। তবে প্রয়োজন হলে নিম্নোক্ত বিশেষ কয়েকটি মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে:
Canon F (200, 401, 402, 501, 502, 601, 602, 604, 612, 720), Casio FX (82 MS/Super, 100 MS/ES/ES plus, 115 MS, 570 W/MS/ES/ES plus, 911MS/S, 991MS/ES/ES plus/D/H/EX, 992S), Sharp EL(506L/R/V, 509G/L/R/V, 510 R, 520G/L, 531GH/LH/P/RH/V/VB/VH, 546G/L/R/VA, 553, 556G/L), Texas Instruments BA (Real Estate, 35 Solar,II plus), Texas Instruments TI (25 stat, 30 Challenger/X/XA/X Solar/XIIS/XIIB/32 Xplorer Plus, 34, 35X, 36 Solar X Solar. এই নির্দেশ অমান্যকারীকে পরীক্ষার হল থেকে বহিষ্কার করা হবে।

বি.দ্র.: কোটায় ভর্তিচ্ছুক শিক্ষার্থীরা OMR শীটে কোটার জন্য নির্ধারিত স্থান ভরাট করে চিহ্নিত করবেন। ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করার পর উত্তীর্ণ মুক্তিযোদ্ধা/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ প্রতিবন্ধী/ পোষ্য কোটায় ভর্তিচ্ছুকদের নিকট থেকে এসএমএস/ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এর মাধ্যমে কাগজপত্র আহ্বান করা হবে এবং প্রাপ্ত কাজগপত্র যাচাই- বাছাই শেষে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে। **টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ম্যানেজমেন্ট** এবং **ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং** বিভাগ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) অনুমোদনাধীন আছে। ইউজিসির অনুমোদন সাপেক্ষে এ তিনটি বিভাগে শিক্ষার্থীদেরকে ভর্তি করা হবে।

৮। ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ, ওরিয়েন্টেশন এবং ক্লাস শুরু:

| | |
|---|---|
| ফলাফল প্রকাশ | ১২ নভেম্বর ২০১৭ খ্রি. তারিখের মধ্যে |
| ভর্তি কার্যক্রম সম্পন্ন | ২৪ ডিসেম্বর ২০১৭ খ্রি. তারিখের মধ্যে |
| ওরিয়েন্টেশন | ০৪ জানুয়ারি ২০১৮ খ্রি. তারিখ |
| ক্লাস শুরু | ০৬ জানুয়ারি ২০১৮ খ্রি. তারিখ |

৯। বিশেষ নির্দেশনা:
- অত্যাবশ্যকীয় বিষয়গুলো জানতে ভর্তি বিজ্ঞপ্তিটি ভালোভাবে এবং ধীরস্থিরভাবে পড়তে হবে।
- আবেদনের ছবি http://just.ambersoftwaresolutions.com ওয়েবসাইটে মাত্র একবার পরিবর্তন করা যাবে।
- ভর্তি পরীক্ষার Admit Card হারিয়ে গেলে http://just.ambersoftwaresolutions.com ওয়েবসাইটে গিয়ে পুনরায় প্রিন্ট করা যাবে।
- ভর্তি পরীক্ষার কেন্দ্র ভুলে গেলে www.just.edu.bd এবং http://just.ambersoftwaresolutions.com ওয়েবসাইট থেকে জানা যাবে।
- ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলি www.just.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

**Help Line**: +৮৮০১৭৪৬৫১৪৫২০, +৮৮০১৭৫৯২০৫২১৮, +৮৮০১৭৫৯২০৫১৭৫ (সকাল ১০:০০ টা থেকে রাত ০৮:০০ টা পর্যন্ত Help Line খোলা থাকবে)।

(প্রকৌশলী মোঃ আহসান হাবীব)
রেজিস্ট্রার
ও
সদস্য-সচিব, ভর্তি কমিটি
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়